# Times Today BD

সংগীত কুমার | ক্যাম্পাস | 11 May, 2025

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) সাবেক উপাচার্য অধ্যাপক ড. আব্দুল হাকিম সরকার মারা গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।তাঁর মৃত্যুতে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য, উপ-উপাচার্য ও ট্রেজারার গভীর শোক প্রকাশ করেছেন।

বিশ্ববিদ্যালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানানো হয়, অধ্যাপক আব্দুল হাকিম সরকার রোববার (১১মে) বার্ধক্যজনিত কারণে নিজ বাসভবনে ইন্তেকাল করেন।

শোকবার্তায় বর্তমান উপাচার্য অধ্যাপক ড. নকীব মোহাম্মদ নসরুল্লাহ, উপ-উপাচার্য অধ্যাপক ড. এম এয়াকুব আলী ও ট্রেজারার অধ্যাপক ড. মোহাম্মদ জাহাঙ্গীর আলম মরহুমের রুহের মাগফিরাত কামনা করেন এবং তাঁর পরিবারের প্রতি গভীর সমবেদনা জানান।

প্রখ্যাত অধ্যাপক আব্দুল হাকিম সরকার ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটের অধ্যাপক ছিলেন।তিনি ২০১২ সালের ৩১ ডিসেম্বর ইসলামী বিশ্ববিদ্যালয়ের একাদশ উপাচার্য হিসেবে দায়িত্ব গ্রহণ করেন এবং ২০১৬ সালের ৩০ জুন পর্যন্ত দায়িত্ব পালন করেন।

ইবি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 23:51

URL: https://www.timestodaybd.com/campus/7758072336